

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৫৪৫	তারিখঃ ২২/১১/২০	প্রকৌশলীঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২২.৯৬২

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০

১২ নভেম্বর ২০২৩

বিষয়: ডিএমআরটিডি (লাইন-৬) প্রকল্পের আওতায় **Contract Package No-CP05** এর বিজয় সরণি স্টেশন এলাকায় নির্মাণ কাজ চলাকালীন পুরাতন বিমানবন্দর থেকে চন্দ্রিমা উদ্যান পর্যন্ত ক্ষতিগ্রস্ত ১১ কেভি বৈদ্যুতিক লাইন স্থাপন কাজের বিল চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: এ্যাকাউন্টস অফিসার, ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকার স্মারক নং-৩৫.০৫.০০০০.৬০৬.০২. ০০৪.২০-১২২৪, তারিখ-২৬/১০/২০২৩ খ্রি।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে এ্যাকাউন্টস অফিসার, "ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট", ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ২৮,৫৪,৭৭৭.১৮ টাকা মূল্যমানের একটি চেক যার নং-CDE-২৩৫০৮৮৬ তারিখ-১৬-১০-২০২৩ খ্রি., জনতা ব্যাংক লিঃ, নগর ভবন কর্পোরেট ঢাকা দক্ষিণ শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

শর্তসমূহঃ

- (১) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব এ দপ্তরে/প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- চেক নং-CDE-২৩৫০৮৮৬ তারিখ-১৬-১০-২০২৩ খ্রি.

টাকা পরিমান- ২৮,৫৪,৭৭৭.১৮

১২-১১-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

ঢাকা গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা।